ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd


স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০২.০০৮.১৯. ৭২৫৭ তাং ০৩/১২/২০১৯ ইং।

# "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এর নিম্নবর্নিত শুন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এবং "পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরীবিধি-১৯৯২(সংশোধিত-২০১২)" অনুযায়ী পদোন্নতিযোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে "সহকারী ক্যাশিয়ার" পদে কর্মরত আগ্রহী প্রার্থীগনের নিকট থেকে নিম্নবর্নিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

**পদের নাম ঃ ক্যাশিয়ার।**

আবেদন করার পদ্ধতি ঃ

আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পবিস-এর সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ সহ স্বহস্তে পূর্ণ জীবন বৃত্তান্ত সম্বলিত আবেদনপত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পার্সপোট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি, সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত (৩০০-৫১ অনুযায়ী) প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান /পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, বর্তমান পদে যোগদান ও নিয়মিত করনের ফটোকপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক অনাপত্তি পত্র, বিগত ০৫(পাঁচ) বৎসরের মধ্যে শাস্তির বিবরন (যদি থাকে), শাস্তি যদি না থাকে তাহলে সুস্পষ্টভাবে তা উল্লেখ পূর্বক এবং তার বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত প্রক্রিয়াধীন নেই অথবা ফৌজদারী মামলা চলমান নেই এই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র সহ আগামী ২১/১২/২০১৯ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১১:০০ ঘটিকার সময় স্ব-শরীরে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতিতে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, সকল সনদ পত্রের/প্রমানপত্রের ফটোকপি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার অথবা এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

শর্তাবলীঃ-

০১। সহকারী ক্যাশিয়ার (নিয়মিত) হিসাবে নূন্যতম ৭ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

০২। আবেদনকারীকে পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী যোগ্যতা সম্পন্ন এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে উত্তীর্ন হতে হবে।

০৩। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে পবিস চাকুরীবিধি ,পবিস নির্দেশিকা ও বাপবিবোর্ড/পবিস কর্তৃক সার্কুলার মোতাবেক বেতন ভাতা প্রদান করা হবে ।

০৪। সর্বশেষ ০৩ বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।

০৫। অতীত কর্মসম্পাদানের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণের মধ্যে হতে জ্যৈষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।

০৬। সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড ও সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ডে দন্ডিত অথবা বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ডপ্রাপ্ত অথবা বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত অথবা বিগত ০৩ বছররে ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত অথবা পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন অথবা কর্মরত দপ্তর কর্তৃক বিভাগীয় ফৌজদারী মামলা চলমান আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

GS:D:\Niog-200.14\200.14-3.docx

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED
টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd



০৬॥ অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর বা এলাকা পরিচালক/ মহিলা পরিচালকগনের স্বামী /স্ত্রী অথবা তাদের রক্তে সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৭॥ পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য হবে না, তবে অত্র পবিস এর ভৌগলিক এলাকার (ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮॥ যদি কেহ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রমানিত হয় তবে তাহার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে ।

০৯॥ নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০॥ ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত /বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী এমন কারও আবেদন করার প্রয়োজন নাই।

১১॥ নির্বাচিত প্রার্থীগণকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" নিয়োগ প্রদান করা হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনকসহ অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষ চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি বা পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো যেতে পারে ।

১২॥ যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃক সংরক্ষিত ।

১৩॥ শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে ।

(আবু আশরাফ মোঃ ছালেহ)
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
০১॥ নির্বাহী পরিচালক , বাপবিবো ,ঢাকা ।
০২॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------- পবিস-১/২/৩/৪।

অনুলিপি ঃ কার্যার্থে
০১॥ ডিজিএম, কারিগরী/পীরগঞ্জ/পঞ্চগড় জোনাল অফিস, ঠাপবিস।
০২॥ এজিএম ( অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), ঠাপবিস।
০৩॥ নোটিশ বোর্ড ।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd


স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০২.০০৮.১৯.৭২৫ তাং ০৩/১২/২০১৯ ইং।

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির শুন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪, ৩০০-৫১ এবং "পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২)" অনুযায়ী পদোন্নতির যোগ্যতা সম্পন্ন বিলিং সহকারীগনের নিকট হতে শুন্য পদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

## পদের নামঃ বিলিং সুপারভাইজার (মহিলাদের জন্য সংরক্ষিত)

### আবেদন করার পদ্ধতিঃ

বর্ণিত পদে আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারগনের সুপারিশসহ স্বহস্তে পূর্ণ জীবন বৃত্তান্ত সম্বলিত আবেদন পত্র , সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি,সর্বশেষ ৩ বৎসরের বার্ষিক কর্মমুল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত (৩০০-৫১ অনুযায়ী) প্রশিক্ষণে উত্তীর্ণ এর ফলাফলের ফটোকপি, বর্তমান পদে যোগদান ও নিয়মিত করন সংক্রান্ত পত্রের ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ পত্রের ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি যা এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত হতে হবে। বিনা আপত্তির সনদ পত্র এবং বিগত ৫ বৎসরের শাস্তির বিবরন ( যদি থাকে), যদি না থাকে তাহলে সুস্পষ্টভাবে তা উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। উল্লিখিত কাগজ পত্র সহ আগামী ২১/১২/২০১৯ ইং তারিখ রোজ শনিবার সকাল ১০-০০ ঘটিকায় স্বাক্ষাতকারে অংশ গ্রহনের জন্য ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এ স্ব-শরীরে উপস্থিত থাকতে হবে।

### প্রার্থীর যোগ্যতাঃ

ক) বিলিং সহকারী (নিয়মিত) হিসাবে নূন্যতম ৭ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
খ) বিলিং কম্পিউটার, সার্ভার এবং অফিসের অন্যান্য যন্ত্রপাতি পরিচালন ও রক্ষনাবেক্ষনে অবশ্যই সক্ষম হতে হবে।
গ) প্রতি মিনিটে বাংলায় ১০ ও ইংরেজীতে ৩০ শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে।

### শর্তাবলীঃ

(ক) আবেদনকারীকে পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী যোগ্যতা সম্পন্ন এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।

(খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে পবিস চাকুরীবিধি, পবিস নির্দেশিকা ও বাপবিবোর্ড/পবিস কর্তৃক সার্কুলার মোতাবেক বেতন ভাতা প্রদান করা হবে।

(গ) বার্ষিক কর্মমূল্যায়ন সর্বশেষ ০৩(তিন) বৎসরের গড় রেটিং ৩.৫০ হতে হবে।

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd



(ঘ) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরুপ গুরুদন্ড ও সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরুপ লঘুদন্ড অথবা বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত অথবা বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড অথবা একবার লঘুদন্ড প্রাপ্ত অথবা বিগত ০৩ বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হলে অথবা পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন অথবা কর্মরত দপ্তর কর্তৃক ফৌজদারী মামলা চলমান আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ঙ) অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর বা এলাকা পরিচালক মহিলা পরিচালকগনের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

(চ) পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য হবে না, তবে অত্র পবিস এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দাগণ পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

(ছ) যদি কেহ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রামনিত হয় তবে তাহার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যুত করা হবে।

(জ) নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঝ) ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/সেচ্ছায় পদত্যাগকারী এমন কারও আবেদন করার প্রয়োজন নেই।

(ঞ) নির্বাচিত প্রার্থীগনকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" নিয়োগ প্রদান করা হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনকসহ অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি বা পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

(ট) যেকোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা ঠাকুরগাঁও পবিস কর্তৃক সংরক্ষিত।

(ঠ) শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে ঠাকুরগাঁও পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

(আবু আশরাফ মোঃ ছালেহ্)
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

০১। নির্বাহী পরিচালক , বাপবিবো ,ঢাকা ।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উ: অ:)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------- পবিস-১/২/৩/৪।

অনুলিপি ঃ কার্যার্থে

০১। ডিজিএম, কারিগর/পীরগঞ্জ/পঞ্চগড় জোনাল অফিস, ঠাপবিস।
০২। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), ঠাপবিস।
০৩। নোটিশ বোর্ড ।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

GS3,D:\Niog-200.14\200.14-3.docx